

অস্ট্রেলিয়ায় প্রথম বাংলাদেশী চ্যানেলের শুভ-যাত্রা!

প্রেস রিলিজঃ বাংলাদেশের জনপ্রিয় স্যাটেলাইট টেলিভিশন ইন্টারন্যাশনাল টেলিভিশন চ্যানেল প্রা লিঃ এনটিভি গত ২৪ শে অগাস্ট ২০১৩ আনুষ্ঠানিক ভাবে শুভ উদ্বোধন করছেন এনটিভির চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক আলহাজ মোঃ মোসাদ্দেক আলী ফালু। উক্ত অনুষ্ঠান ঘিরে বাংলাদেশ কমিউনিটিতে ছিল বিশেষ উদ্দীপনা। বাংলাদেশ ও অস্ট্রেলিয়ার জাতীয় সঙ্গীতে কেঁপে উঠে সেন্ট জর্জ ব্যাংক অডিটোরিয়াম। ডি রকস্টর শুভ ছাড়া ও হিপ হপ, বলিউড, মর্ডান এবং স্ট্রিট শো সাথে ছিল লোকাল কমিউনিটি শিল্পীদের জাঁকজমক পূর্ণ আয়োজন। অস্ট্রেলিয়ার মাটিতে এই প্রথম বাংলাদেশের কোন টেলিভিশনের লাইভ পারফরমেন্স তাই এনটিভির চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক আলহাজ মোঃ মোসাদ্দেক আলী ফালু উপস্থিত অস্ট্রেলিয়ার দর্শকদের ধন্যবাদ জানিয়ে বলেন, এখন থেকে অস্ট্রেলিয়ার প্রতিটি শহরে থাকবে এনটিভি টিম। বাংলাদেশের মানুষ এখন থেকে অস্ট্রেলিয়ার প্রবাসী বাংলাভাষীদের অনুষ্ঠান দেখবে। এবং তিনি এই আয়োজনে সমাজের সকল মানুষকে একসাথে এনটিভি পরিবারের সাথে কাজকরার আহ্বান জানান। শাকিল আহমেদ ও মায়াসির উপস্থাপনায় প্রথমেই সবাইকে ধন্যবাদ জানান এনটিভি দর্শক ফোরাম অস্ট্রেলিয়ার বাংলাদেশ কোঅরডিনেটর মুন্নি চৌধুরী মেধা। তার আমন্ত্রণে শুভেচ্ছা বক্তব্য দেন পাবলিক এফেয়ারস সেক্রেটারি ও বাংলাদেশ স্টুডেন্ট এ্যাসোসিয়েশনের সভাপতি মোঃ রাশেদুল ইসলাম রাজু এরপর সবাইকে ধৈর্য সহকারে অনুষ্ঠান দেখার আমন্ত্রণ জানান কমিউনিটির প্রবীণ নেতা ও এনটিভি দর্শক ফোরাম অস্ট্রেলিয়ার উপদেষ্টা দেলোয়ার হোসেন। এই সময় উপস্থিত ছিলেন অনুষ্ঠানের আহ্বায়ক রশিদ শেখ, প্রশাসন সইফুল ইসলাম, অফিস সেক্রেটারি হোসায়েন সারোয়ার সায়মন, কালচারাল সেক্রেটারি শাকিল আহমেদ, কমিউনিটি কোঅরডিনেটর রাকিব আহমেদ এবং ইমন প্রমুখ।

